দৈনিক ইনকিলাব

তারিখ 18 JUN 1997
পৃষ্ঠা ৩ কলাম ৪

# পরীক্ষায় নকলের দায়ে ঢাকা ভার্সিটিতে এক বছরে ১১শ' ছাত্র-ছাত্রী বহিষ্কার

গিয়াস উদ্দিন রিমন ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের অসদুপায় অবলম্বনের প্রবণতা ক্রমেই বেড়ে চলেছে। ১৯৯৬ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষায় নকলের দায়ে বহিষ্কৃত পরীক্ষার্থীদের পরিসংখ্যান থেকে জানা যায়, এই এক বছরে এগারশ' ছয় জন ছাত্র-ছাত্রী বহিষ্কার হয়েছে। এসব পরীক্ষার্থীর সংশ্লিষ্ট পরীক্ষা বাতিলসহ পরবর্তী আরো এক বা একাধিক বছরের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করা থেকে বহিষ্কার করা হয়। পূর্ববর্তী ১৯৯৫ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষায় বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ছিল এক হাজার ৫৬ জন। গত বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ৪২টি পরীক্ষায় বহিষ্কারের সংখ্যা আগের বছরের চেয়ে আরো অর্ধ শত বেড়েছে। গত বছর সবচেয়ে বেশী ছাত্র-ছাত্রী বহিষ্কার হয়েছে সনাতন পদ্ধতির শেষ পর্ব মাস্টার্স ডিগ্রী পরীক্ষায় ৫শ ৩৭ জন। সনাতন পদ্ধতির ডিগ্রী অনার্স পরীক্ষায় ২শ' ৪৬ জন এবং সনাত পদ্ধতির প্রথম পর্ব মাস্টার্স ডিগ্রী পরীক্ষায় ১শ' ৭ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এছাড়া বাকী ৩৯টি পরীক্ষায় নকলের দায়ে বহিষ্কৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা সনাতন পদ্ধতির ডিগ্রী অনার্স পরীক্ষা '৯২-তে ২৫ জন, সনাতন পদ্ধতির শেষ পর্ব মাস্টার্স ডিগ্রী পরীক্ষা '৯১-২১ জন, বিএ পাস পরীক্ষা '৯৩-৫ জন, প্রথম বর্ষ বিএসসি ইন টেকনিক্যাল এডুকেশন পরীক্ষা '৯৩-১ জন, প্রথম পর্ব বিএসসি ইন টেক্সটাইল টেকনোলজী পরীক্ষা '৯৪-১ জন,বিএসসি ইন লেদার টেকনোলজী পার্ট-১ পরীক্ষা '৯১ -৭ জন, পার্ট-২ পরীক্ষা ১১ জন, পার্ট-২ পরীক্ষা '৯৩ - ৫ জন, তৃতীয় পেশাগত বিএইচএমএস পরীক্ষা '৮৬-১ জন, বিএইচএমএস পরীক্ষা '৮৮-৭ জন, বিএইচএমএস পরীক্ষা '৯১-১ জন, বিএইচএমএস পরীক্ষা '৯৩-২ জন, জুনিয়র সমর বিজ্ঞান পরীক্ষা- ১ জন, সিনিয়র সমর বিজ্ঞান পরীক্ষা-১ জন, জুনিয়র ভাষা সার্টিফিকেট কোর্স পরীক্ষা-২ জন, সিনিয়র ভাষা সার্টিফিকেট কোর্স পরীক্ষা-১ জন, কোর্স পদ্ধতির ২য় বর্ষ সাবসিডিয়ারী ও অনার্স পরীক্ষা '৯৪-৪ জন, কোর্স পদ্ধতির ৩য় বর্ষ বিএসসি অনার্স পরীক্ষা '৯৩-১ জন, কোর্স পদ্ধতির শেষ পর্ব এমএসএস পরীক্ষা '৯২-১ জন, কোর্স পদ্ধতির শেষ পর্ব এমকম পরীক্ষা '৯৩- ৬ জন, শেষ পর্ব আইন পরীক্ষা '৯২-৬ জন, সাপ্লিমেন্টারী প্রথম পেশাগত বিএইচএমএস পরীক্ষা '৯৩-২ জন, ৪র্থ পেশাগত বিএএমএস পরীক্ষা '৯৩-২ জন, কোর্স পদ্ধতির তৃতীয় বর্ষ ডিগ্রী অনার্স পরীক্ষা, '৯৪-৪ জন, কোর্স পদ্ধতির শেষ পর্ব মাস্টার্স ডিগ্রী পরীক্ষা '৯৩-২৩ জন, তৃতীয় পেশাগত বিডিএস পরীক্ষা '৯৬-১ জন, শেষ পর্ব পেশাগত বিডিএস পরীক্ষা '৯৬-৪ জন, বিএসসি টেক্সটাইল টেকনোলজী তৃতীয় পর্ব পরীক্ষা '৯৪-১১ জন, ৪র্থ পর্ব পরীক্ষা- ২১ জন, কোর্স পদ্ধতির প্রথম বর্ষ ডিগ্রী অনার্স (সমন্বিত) পরীক্ষা '৯৫-১০ জন, ২য় বর্ষ বিএসএস অনার্স পরীক্ষা '৯৫-১ জন, প্রথম পর্ব মাস্টার্স ডিগ্রী পরীক্ষা '৯৪- ১৬ জন, শেষ পর্ব এমএসসি পরীক্ষা- ৩ জন, ২য় বর্ষ বিকম অনার্স পরীক্ষা-১ জন, শেষ পর্ব এমএ পরীক্ষা-১ জন, শেষ পর্ব এমকম পরীক্ষা-১ জন,বিএসসি সাবসিডিয়ারী পরীক্ষা- ১ জন, ডিএলও পরীক্ষা-১ জন ও প্রিলিমিনারী বিএসসি (পিএইচএন) পরীক্ষা-৩ জন।